

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০১১.০০৩.১৫.৫১৪

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০১/০২/২০১৫ খ্রিঃ তারিখের জেএসসি/পনিদ/নিয়োগ-৮ম-বিজেএস/২/২০১৩/৩২৩ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত সাময়িকভাবে মনোনীত প্রার্থীকে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর বেতন স্কেলের ৬ষ্ঠ স্কেলে ৩০৯৩৫-৬৪৪৩০ বেতনক্রমে মেধাক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রেখে নিম্নলিখিত শর্তে নিয়োগ করা হলো এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলায় সহকারী জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো :

ক্রমিক নং	মেধাক্রম নং	রোল নং	মনোনীত প্রার্থীর নাম	মনোনীত প্রার্থীর পিতা ও স্বামীর নাম	মনোনীত প্রার্থীর জন্ম তারিখ	মনোনীত প্রার্থীর নিজ জেলা	কোটা	নিয়োগকৃত কর্মস্থল
১.	৫২	২০২২	মোঃ মেসবাহ উদ্দিন খান	মোঃ মোসলেম উদ্দিন খান	০৬.০৬.১৯৮৯	ঢাকা	সাঃমুঃসঃ	সহকারী জজ, মাদারীপুর

২। উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে :

- শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে তিন মাস [৪০ (চল্লিশ) দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ০৫ (পাঁচ) দিন জেলা লিগ্যাল এইড অফিসে, ১০ (দশ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে, ২০ (বিশ) দিন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এবং ১৫ (পনের) দিন জেলা ও দায়রা জজ আদালত/ কার্যালয়ে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;
- এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;
- শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিশ সহকারী জজের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;
- শিক্ষানবিশকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;
- কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভাবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- নিয়োগপ্রাপ্ত সহকারী জজ-কে (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হবার পূর্বেই একজন জামানতদারসহ ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে-একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;
- নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে-অনুচ্ছেদ (ছ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে;
- এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজের জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হয়েছে;
- নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- শিক্ষানবিশ সহকারী জজের চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

- (ঠ) কোন শিক্ষানবিশ সহকারী জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;
- (ড) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং
- (ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তা হলে তিনি আগামী ০১-০৮-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলার জেলা ও দায়রা জজ এর নিকট যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে এই নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

(মোঃ মাহবুবর রহমান সরকার)

উপ-সচিব (প্রশাসন-১)

ফোনঃ ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০১১.০০৩.১৫.৫১৪/১(২৪)

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১০। জেলা ও দায়রা জজ, মাদারীপুর।

সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজের যোগদানপত্রের অনুলিপি জরুরি ভিত্তিতে অত্র বিভাগে ডাকযোগে এবং ফ্যাক্সযোগে [ফ্যাক্স নম্বর ৯৫৭৬৬২৪] প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

- ১১। বিভাগীয় কমিশনার,
- ১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।
- ১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/৮/বাজেট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৮। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অনতিবিলম্বে প্রকাশ করে এর ১০ কপি অত্র বিভাগে সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

- ১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদারীপুর।
- ২০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২১। যুগ্ম সচিব (প্রশাসন-১/২)/উপ সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ২২। জনাব মোঃ মেসবাহ উদ্দিন খান, পিতা : মোঃ মোসলেম উদ্দিন খান, গ্রাম : দক্ষিণ জয়পাড়া (গাং পাড়), ডাক : জয়পাড়া, দোহার পৌরসভা, দোহার, ঢাকা।

(মোঃ নুরুল আলম সিদ্দীক)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৪৩১।